

(একই স্মারক নম্বর ও তারিখে স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ফেনী
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.feni.gov.bd

স্মারক নম্বর: ৫১.০১.৩০০০.০০০.৪১.১৫৭.২৬.৭২

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩২
২৫ ফেব্রুয়ারি ২০২৬

বিষয় : ২০২৫-২০২৬ অর্থবছরে পবিত্র ঈদ-উল-ফিতর/২০২৬ উপলক্ষ্যে উপজেলাওয়ারী ভিজিএফ খাদ্যশস্য (চাল) সহায়তা প্রদান

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং- ৫১.০১.০০০০.০০০.০১৮.২০.০০৩২.২৫-১৮৬, তারিখ: ২২ ফেব্রুয়ারি ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ২০২৫-২০২৬ অর্থবছরে পবিত্র ঈদ-উল-ফিতর/২০২৬ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় উপজেলার অতিদরিদ্র অসহায় ও দুঃস্থ পরিবারের জন্য ১০ (দশ) কেজি হারে বিনামূল্যে খাদ্য সহায়তা প্রদানের লক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের বিভাজন অনুযায়ী ফেনী জেলার নিম্নবর্ণিত উপজেলার নামের পার্শ্বে উল্লিখিত পরিমাণ সর্বমোট ২২,৪২৪ টি কার্ডের বিপরীতে ২২৪.২৪০ (দুইশত চব্বিশ দশমিক দুই চার শূন্য) মে: টন চাল জেলা প্রশাসক, ফেনী এর অনুকূলে বরাদ্দ প্রদান করা হয়। বরাদ্দকৃত ২২৪.২৪০ (দুইশত চব্বিশ দশমিক দুই চার শূন্য) মে: টন চাল নিম্নোক্ত শর্তে সাপেক্ষে উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো। উপ-বরাদ্দকৃত ভিজিএফ (চাল) আগামী ১২ মার্চ ২০২৬ তারিখের মধ্যে উত্তোলনসহ বিতরণ নিশ্চিত করতে হবে।

ক্রম	উপজেলার নাম	কার্ড সংখ্যা	বরাদ্দকৃত চাল (মে:টন)
১	ছাগলনাইয়া	৩,০৭৬	৩০.৭৬০ মে: টন
২	দাগনভূঞা	৩,৪৪৩	৩৪.৪৩০ মে: টন
৩	ফেনী সদর	৬,৪৩৭	৬৪.৩৭০ মে: টন
৪	ফুলগাজী	১,২৫৩	১২.৫৩০ মে: টন
৫	পরশুরাম	২,৬৬৮	২৬.৬৬০ মে: টন
৬	সোনাগাজী	৫,৫৪৭	৫৫.৪৭০ মে: টন
	মোট :	২২,৪২৪	২২৪.২৪০ মে: টন

শর্তাবলী:

- (১) উক্ত ভিজিএফ বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ স্থানীয় মাননীয় সংসদ সদস্যগণকে অবহিত করবে।
- (২) ২০২৬ সালে ঈদ-উল ফিতর ও ঈদ-উল আযহায় ভিজিএফ বরাদ্দ সংখ্যা ২০২৫ সালের অনুরূপ হইবে।
- (৩) নিরপেক্ষতা ও স্বচ্ছতার সহিত Vulnerable Group Feeding (VGF) এর প্রকৃত উপকারভোগী যাচাই বাছাই করিবার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট এলাকার দুই জন গণ্যমান্য ব্যক্তির (১ জন পুরুষ ও ১ জন নারী) সমন্বয় গঠিত বাছাই কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।
- (ক) বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সর্বশেষ তথ্য অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুন: বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে;
- (খ) দুঃস্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে সাম্প্রতিক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দুঃস্থ/অতিদরিদ্র পরিবারকে অগ্রাধিকার দিতে হবে;
- (গ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর ধারা-৬ অনুযায়ী নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দুঃস্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে;

১। যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ি ছাড়া কোন জমি নেই;

২। যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল;

৩। যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল;

৪। যে পরিবারে উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই এবং পরিবারটি অস্বচ্ছল;

৫। যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়;

৬। যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্তা, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা এবং পরিবারটি অস্বচ্ছল;

অতি গোপনীয়
অতি জরুরী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
সচিবের দপ্তর

বিষয়: ২৬ ফেব্রুয়ারি ২০২৬/১৩ ফাল্গুন ১৪৩২ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের [(মসবৈ-১(২)/২০২৬)
কার্যবিবরণীর উদ্ধৃতির বিষয়ে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের নম্বর: ০৪.০০.০০০০.০০০.৩১১.০৬.০১০১.২৬.২১৫(৩), তারিখ: ২৬/০২/২০২৬ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৬ ফেব্রুয়ারি ২০২৬/১৩ ফাল্গুন ১৪৩২ তারিখে
অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের কার্যবিবরণীর উদ্ধৃতাংশ নিম্নরূপ:


“বিবিধ বিষয়: Vulnerable Group Feeding (VGF) বরাদ্দ ও বাছাই কমিটি।

সিদ্ধান্ত:

৮.১। ২০২৬ সালে ঈদ-উল-ফিতর ও ঈদ-উল-আযহায় ভিজিএফ বরাদ্দ সংখ্যা ২০২৫ সালের অনুরূপ হইবে।

৮.২। নিরপেক্ষতা ও স্বচ্ছতার সহিত Vulnerable Group Feeding (VGF)-এর প্রকৃত উপকারভোগী যাচাই-
বাছাই করিবার লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান এবং
উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত সংশ্লিষ্ট এলাকার দুই জন গণ্যমান্য ব্যক্তির (১ জন পুরুষ ও ১ জন নারী)
সমন্বয়ে গঠিত বাছাই কমিটি প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করিবে।”

০২। এমতাবস্থায়, মন্ত্রিসভা বৈঠকে গৃহীত এ মন্ত্রণালয়ের সাথে সম্পৃক্ত সিদ্ধান্ত সংশ্লিষ্ট সকলকে অবহিতক্রমে এ
বিষয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


(সোহেল রানা)

সচিবের একান্ত সচিব
ইন্টারকম নম্বর: ১১২

০১। অতিরিক্ত সচিব (ত্রাণ কর্মসূচি/ সমন্বয় ও সংসদ)
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ইউ. ও. নোট নম্বর- ৫১.০০.০০০০.১০০.১৬.০০৪.২২.৪২

তারিখঃ ০১ মার্চ ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

১। মন্ত্রী'র একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী'র সদয় অবগতির জন্য)।